



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৬ষ্ঠ বার্ষিক এ্যাথলেটিক্স প্রতিযোগিতা-২০১৮’-এর উদ্বোধন
অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের উদ্যোগে ১৯ ফেব্রুয়ারি-২০১৮, সোমবার, সকাল ১০.৩০টায় ‘৬ষ্ঠ বার্ষিক এ্যাথলেটিক্স প্রতিযোগিতা-২০১৮’ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে (ধূপকোলা মাঠ)-এ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বেলুন ও পায়রা উড়িয়ে এ্যাথলেটিক্স প্রতিযোগিতার উদ্বোধন করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া উপ-কমিটি (এ্যাথলেটিক্স ও সাতাঁর)-এর আহ্বায়ক ও পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ্-এর সভাপতিত্বে এ্যাথলেটিক্স প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠিত হয়। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মোঃ তরিকুল ইসলাম,



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিযোগিতায় সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা) গৌতম কুমার দাস। উল্লেখ্য, ১৯ ফেব্রুয়ারি শুরু হওয়া এ্যাথলেটিক্স প্রতিযোগিতা ২০ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। ৬ষ্ঠ বার্ষিক এ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ১০টি ইভেন্টে (১০০ মিটার দৌড়, ২০০ মিটার দৌড়, ৪০০ মিটার দৌড়, ৮০০ মিটার দৌড়, রিলে রেস-৪ x১০০, লং জাম্প, হাই-জাম্প, বর্শা নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, গোলক নিক্ষেপ) ৩৭টি বিভাগের প্রায় ১২০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে।